

# রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ



## রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ

আর্থিক ব্যবস্থাপনার চলমান সংস্কার কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন এবং অর্থ বিভাগের বর্তমান ভূমিকা যথাযথভাবে পালনের সুবিধার্থে অর্থ বিভাগের বিদ্যমান সাংগঠনিক কাঠামো অভ্যন্তরীণ পুনর্বিন্যাসের মাধ্যমে (কোন নতুন জনবল সৃজন ব্যতিরেকে) ১৪ ফেব্রুয়ারি ২০১০ খ্রিঃ রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ গঠন করা হয়। রাষ্ট্রায়ত্ত্ব ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের বাজেট ও আর্থিক মঞ্জুরি অনুমোদন/সম্মতি প্রদান, মনিটরিং সেলের প্রশাসনিক কার্যাদি সম্পাদন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়, রাষ্ট্রায়ত্ত্ব/স্ব-শাসিত/বিধিবদ্ধ সংস্থা ও অধিনস্ত অংগ প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পদ সৃষ্টি, পদ সংরক্ষণ, রজস্ব বাজেটে পদ স্থানান্তর, পদ বিলুপ্তকরণ ইত্যাদি এ অনুবিভাগের অন্যতম দায়িত্ব। ২০১৬-১৭ অর্থ বছরে রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

### পদ সৃষ্টি/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ/বিলুপ্তি

- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির ১,০৮২টি, ২য় শ্রেণির ৫৪৭টি, ৩য় শ্রেণির ১,৩৮৪টি, ৪র্থ শ্রেণির ১০২টি ও আউট সোর্সিং এর ৭৬৪টি পদসহ মোট ৩,৮৭৯ টি পদ সৃষ্টিতে সম্মতি প্রদান
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির ৬১৫টি, ২য় শ্রেণির ৩৩৫টি, ৩য় শ্রেণির ১,১৪৪টি, ৪র্থ শ্রেণির ৭৩৭টি ও আউট সোর্সিং এর ২১১টি পদসহ মোট ৩,০৪২টি পদ সংরক্ষণে সম্মতি প্রদান
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির ২৫৪টি, ২য় শ্রেণির ৪৭টি, ৩য় শ্রেণির ১৮৯টি ও ৪র্থ শ্রেণির ৫০টি ও আউটসোর্সিং এর ৭টি পদসহ মোট ৫৪৭টি পদ স্থায়ীকরণে সম্মতি প্রদান
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত্ব ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির ৭৯টি, ২য় শ্রেণির ১৪টি, ৩য় শ্রেণির ৪৩৩টি ও ৪র্থ শ্রেণির ৪২টি পদ এবং আউট সোর্সিং ৫৬৮টিসহ মোট ১,১৩৬টি পদ বিলুপ্তকরণে সম্মতি প্রদান

### অন্যান্য কার্যাবলী

- জাতীয় নদী রক্ষা কমিশনের টিওএন্ডইভুক্ত ৩ টি গাড়ি ক্রয়ের প্রশাসনিক অনুমোদনে সম্মতি জ্ঞাপন
- কৃষি গবেষণা সম্মাননা পদক নীতিমালা, ২০১৫ এর উপর সম্মতি জ্ঞাপন
- বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণের বেতন-ভাতাদি বৃদ্ধিতে সম্মতি জ্ঞাপন
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর জন্য ৮১ টি পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনে সম্মতি জ্ঞাপন
- বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের Kit allowance ১৫,০০০ টাকা থেকে ২২,০০০ টাকায় এবং SSC ও ACAD কোর্সের প্রশিক্ষণার্থীতে Kit allowance ১০,০০০ টাকা থেকে ১৫,০০০ টাকায় পুনঃনির্ধারণ
- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি) কর্তৃক পরিচালিত মৌখিক পরীক্ষা বোর্ডের সভাপতি ও বিশেষজ্ঞদের ২০০০ টাকা সম্মানী নির্ধারণ
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন, ২০১০ এর বিষয়ে মতামত প্রদান
- কৃষি ফার্ম নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালার স্থলে প্রণয়নকৃত খসড়া ফার্ম শ্রমিক নিয়োগ ও নিয়ন্ত্রণ নীতিমালার বিষয়ে সম্মতি/মতামত প্রদান
- বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র আইন, ২০১৬ এর খসড়ার উপর অর্থ বিভাগের মতামত প্রদান
- শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের জন্য 'বাংলাদেশ চিনি আইন-২০১৫' এর খসড়ায় মতামত প্রদান
- চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৬ এর ওপর মতামত প্রদান
- গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬-এর ওপর মতামত প্রদান
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্মচারী (অবসরভাতা ও অবসরজনিত সুবিধাদি) প্রবিধান ২০০৩ এ সংশোধনী আনয়নে সম্মতি প্রদান
- বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউটের জার্নাল/বুলেটিন প্রবন্ধ রিভিউয়ার ও এডিটরিয়াল বোর্ডের সদস্যগণের জন্য সম্মানী ভাতা প্রদানে সম্মতি প্রদান

- বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা ও আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য ২০১৬-১৭ আর্থিক বছরের ১ম কিস্তির অর্থ ছাড়করণে সম্মতি প্রদান
- জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের (নিমকো) অতিথি বক্তা/প্রশিক্ষকদের সম্মানী বৃদ্ধি
- জাতীয় টেলিযোগাযোগ নীতিমালা ২০১৬ এর খসড়া অনুমোদন
- সড়ক পরিবহন ও মহাসড়কে বিভাগ এর অধীনে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)এর জন্য ৩ খাপে ১৪৬ টি পদ সৃজন এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি
- বাংলাদেশ ফিল্ম আর্কাইভের আগারগাঁওস্থ নবনির্মিত ভবনে বিসিটিআই এর অফিস স্থানান্তর পরবর্তী অফিসের নিরাপত্তার জন্য ৬ জন আনসার (অজিভূত আনসার সদস্য হতে) নিয়োগে সম্মতি প্রদান
- প্রবীণ উন্নয়ন ফাউন্ডেশন আইন সম্পর্কে মতামত প্রদান
- সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর অধীনে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)-এর জন্য ৩ খাপে ১৪৬টি পদ সৃজন এবং যানবাহন ও অফিস সরঞ্জামাদি টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- রাজশাহী ওয়াসার জন্য দুই পর্যায়ে ১০০ টি পদ (১ম পর্যায়ে ৬৪টি এবং ২য় পর্যায়ে ৩৬টি) অস্থায়ীভাবে সৃজনে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- স্থানীয় সরকার বিভাগের অধীন সিটি কর্পোরেশনের মেয়র ও কাউন্সিলর, পৌরসভাসমূহের মেয়র ও কাউন্সিলর, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণের মাসিক সম্মানীভাতা পুনঃনির্ধারণ
- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর জন্য ৩৬৫ টি পদ সৃজন, যানবাহন ও অফিস সরঞ্জামাদি সাংগঠনিক কাঠামো (TO&E) তে অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান
- বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন ২০১৭ এর খসড়ার উপর মতামত প্রদান
- বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর আওতায় ৯টি উপজেলায় ৩ ক্যাটাগরির ২৭টি পদ সৃজনের প্রস্তাব অনুমোদন